# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৪১০২৩২৩৬, ০২-৪১০২৩২৩৭, ই-মেইলঃ dkibbd@gmail.com,ওয়েবঃ-www.dkib.org

০৮/০২/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ০৮/০২/২০২৫খ্রিঃ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভা তুলা ভবন, ফার্মগেট, ঢাকার হলরুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ জিয়াউল হায়দার পলাশ, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। সভা পরিচালনা করেন জনাব সৈয়দ জাহীদ হোসেন, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব আনিসুর রহমান, সভাপতি, রাঙ্গামাটি জেলা শাখা; পবিত্র গীতা পাঠ করেন জনাব মিরান বিশ্বাস, সাধারন সম্পাদক, গোপালগঞ্জ জেলা শাখা; পবিত্র ত্রিপিটক পাঠ করেন জনাব কৃতি চাকমা, সাধারন সম্পাদক, খাগড়াছড়ি জেলা শাখা।

মোঃ মোখলেছুর রহমান, এএইও, সিংগাইর, মানিকগঞ্জ, আব্দুল মান্নান, এসএএও(অবঃ), মনোহরদী, নরসিংদী, আব্দুল বাতেন, এসএএও(পিআরএল), মনোহরদী, নরসিংদী, মোঃ এরশাদ আলী, এসএএও(অবঃ), গংগাচড়া, রংপুর, মতিউর রহমান, আব্দুছ ছাত্তার, এসএএও(অবঃ), সদর, লক্ষীপুর, খোকন কুমার দাস, এসএএও, সদর, ফেনী সহ গত সভার পর হতে যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যুবরণ করেছেন তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে এবং মতিউর রহমান, অর্থ সম্পাদক, চট্টগ্রাম অঞ্চল শাখা মোটর সাইকেল দুর্ঘটনায় আহত সহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে মোনাজাত পরিচালনা করেন জনাব শরীফ মোঃ আব্দুল কাদের, নির্বাহী সদস্য, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভায় স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি জনাব মোঃ জিয়াউল হায়দার পলাশ। তিনি সকল জাতীয় কমিটির নেতৃবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। তিনি উচ্চধাপে বেতন নির্ধারণ সংক্রান্ত কার্যক্রমের সর্বশেষ অবস্থা, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদে পদায়ন, বি.সি.এস. কৃষি ক্যাডারের প্রারম্ভিক পদে (কোটা ভিত্তিক) পদোন্নতি এবং ১০ম গ্রেড বেতনস্কেল ও ২য় শ্রেণী গেজেটেড পদমর্যাদা সহ চলমান কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন।

তিনি অতিসাম্প্রতিক উপসহকারী কৃষি কর্মকর্তা এবং ডিকেআইবি নেতৃবৃন্দকে হয়রানি মূলক বদলীর জন্য তীব্র নিন্দ্রা জ্ঞাপন করেন। অতঃপর তিনি মহাসচিব মহোদয়কে জাতীয় কমিটির সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

মহাসচিব জনাব সৈয়দ জাহীদ হোসেন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে জাতীয় কমিটির সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত সভার পর হতে অদ্যাবধি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা করেন। অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনায় অংশ গ্রহনের জন্য জাতীয় কমিটির সকল নেতৃবৃন্দকে অনুরোধ করেন।

অতঃপর গত ১৬/১১/২০২৪ইং তারিখের জাতীয় কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হলোঃ-

আলোচ্যসূচী-০১ঃ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের বেতন গ্রেড উন্নীতকরণকালে ৩ বছর এবং ৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা সংক্রান্ত সৃষ্ট জটিলতা সমাধান প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০১ঃ যেহেতু বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের একাডেমিক নিয়ন্ত্রনাধীনে পরিচালিত কৃষি ডিপ্লোমা (৩ বছর মেয়াদী) কোর্স সম্পন্ন করে কৃষি ডিপ্লোমা সনদ অর্জনকারী এবং কৃষি ডিপ্লোমা (৪ বছর মেয়াদী) কোর্স সম্পন্ন করে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক প্রদানকৃত কৃষি ডিপ্লোমা সনদ অর্জনকারীগন সমমানের। এ বিষয়ে ইতিপূর্বেই বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড স্মারক নং-বাকাশিবো/ক/কৃ/৫১১ তারিখঃ ১৪/০৮/২০০৭ মূলে কৃষি মন্ত্রণালয়কে অবহিত করেছেন। এমতাবস্থায় কর্মরত সকল ডিপ্লোমা কৃষিবিদ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ যারা গ্রেড-১১ থেকে গ্রেড-১০ উন্নীত হয়েছেন তাদেরকে উচ্চ ধাপে বেতন নির্ধারণ পদ্ধতি সম্পন্ন করনের সুব্যবস্থা করার জন্য সচিব, কৃষি মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় সহ হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়কে দ্রুততার সাথে নিষ্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০২ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের উচ্চতর গ্রেড প্রদান প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০২ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের বেতনস্কেল উন্নীত করনের ফলে পদ ও দায়িত্বের কোন পরিবর্তন না ঘটায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) ও ৭(২) অনুযায়ী চাকুরীতে যোগদানের তারিখ হইতে একই পদে চাকুরী কাল ১০(দশ) বছর পূর্তিতে ১(এক)টি এবং পরবর্তীতে ৬(বছর) পূর্তিতে আরও ১(এক)টি উচ্চতর গ্রেড প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

আলোচ্যসূচী-০৩ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণকে নিজ জেলার বাইরে বদলী/পদায়ন না করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৩ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং-১০৪৫ তারিখঃ ০১ সেপ্টম্বর ২০১৫ পত্র মূলে সিদ্ধান্ত-খ এর আলোকে ডিপ্লোমা কৃষিবিদদের পরিচিত পরিবেশে চাকুরি করার বিধান রয়েছে বিধায় কৃষি ও কৃষকের স্বার্থে মাঠে ময়দানে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণকে নিজ জেলার বাইরে বদলী/পদায়ন না করার জন্য এবং বর্তমানে যে সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ জেলার বাহিরে পদায়িত আছেন তাদেরকে অনতিবিলম্বে জনস্বার্থে নিজ জেলায় পদায়নের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০৪ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান এবং সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের পদায়ন/পদোন্নতি প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৪ঃ (ক) উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ হতে গ্রেডেশন ১০২০১ হতে ১০৯৫৫পর্যন্ত কর্মকর্তাদের সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান শূন্য পদে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

(খ) সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদ (গ্রেড-১০) থেকে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (গ্রেড-০৯) পদে পদোন্নতি কার্যক্রম ত্বরান্বিত করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়কে বি.সি. এস (কৃষি) ক্যাডারের বিদ্যমান নিয়োগবিধির আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০৫ঃ বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে পদোন্নতি কোটা ২০% হতে ৩৩.৩৩% বৃদ্ধি করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৫ঃ বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদ থেকে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ক্যাডার পদে পদোন্নতির কোটা কৃষি মন্ত্রণালয়ের প্রেরিত পত্রের আলোকে ২০% হতে ৩৩.৩৩% বৃদ্ধির বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০৬ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের গ্রেডেশন তালিকা হালনাগাদ করণ প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৬ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের গ্রেডেশন তালিকা হালনাগাদ করণ সংক্রান্ত পত্র কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং-১২.০১.০০০০.৩৮.৯৯.৩২.২৪/২৬৩৯ তারিখঃ ০৪/০৯/২০২৪খ্রিঃ জারী করা হয়েছে। উক্ত পত্রের আলোকে অতিদ্রুত সময়ের মধ্যে উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের তথ্য সংগ্রহ পূর্বক গ্রেডেশন তালিকা হালনাগাদ করে তালিকা প্রকাশ করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

আলোচ্যসূচী-০৭ঃ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) সমূহ শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৭ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) এ চলমান কৃষি ডিপ্লোমা শিক্ষা কার্যক্রম যুগোপযোগী ও মানসম্মত নয়। চলমান কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর নাম পরিবর্তন করে যুগোপযোগী নাম প্রবর্তনের ব্যবস্থা করণ। অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পলিটেকনিক ইনস্টিটিউটের ন্যায় ছাত্র বৃত্তি এবং অন্যান্য সুযোগ সুবিধা না থাকার কারণে মেধাবী ছাত্র/ছাত্রীগণ কৃষি ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে আগ্রহী হচ্ছে না। বিষয়টির প্রতি সুবিবেচনা করতঃ ছাত্র/ছাত্রীদের যুগোপযোগী কারিগরী জ্ঞান বৃদ্ধিসহ সরকারী সকল সুযোগ সুবিধা প্রদানের লক্ষ্যে কৃষি ডিপ্লোমা প্রশিক্ষণ ইনস্টিটিউট শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় কৃষি উপদেষ্টা ও মাননীয় শিক্ষা উপদেষ্টা মহোদয়ের হস্তক্ষেপ কামনা করছি।

আলোচ্যসূচী-০৮ঃ কৃষি ডিপ্লোমাধারীদের উচ্চ শিক্ষার জন্য স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় স্থাপন করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৮ঃ কৃষি ডিপ্লোমা সনদ অর্জনকারী ছাত্র/ছাত্রীদের মান সম্মত শিক্ষা ও উচ্চতর ডিগ্রী অর্জনের লক্ষ্যে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় কৃষি ডিপ্লোমাধারীদের উচ্চ শিক্ষার জন্য স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় স্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০৯ঃ চাঁদা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৯ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সদস্যদের বাৎসরিক চাঁদা, কল্যাণ তহবিলের চাঁদা, অনুদান সহ সকল বকেয়া চাঁদার (২০১৯ সাল থেকে ২০২৫ পর্যন্ত) তালিকা সহ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) অর্থ সম্পাদক জনাব মোঃ আবুবকর সিদ্দিক ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, গত ০৫/১১/২০২৪খ্রিঃ তারিখ থেকে ২৪/০১/২০২৫ইং তারিখ পর্যন্ত কেন্দ্রীয় তহবিলের আয় ব্যয়ের হিসাব উপস্থাপন করেন ও জাতীয় পরিষদ এর সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

(গ) ডিসেম্বর/২০২৪ সালে বন্যার্তদের সাহায্যার্থে উত্তোলিত অনুদান বাংলাদেশ কৃষি ব্যাংক, খামারবাড়ি, শাখায় সমুদয় উত্তোলিত ২০,৯২,০০০/- (বিশ লাখ বিরানব্বই হাজার) টাকা এবং ব্যাংক কর্তৃক লভ্যাংশ ১০,০০০/- (দশ হাজার) টাকা সহ সর্বমোট ২১,০২,০০০/- (একুশ লাখ দুই হাজার) টাকা বর্তমানে সংরক্ষিত আছে। পরবর্তীতে কোন প্রাকৃতিক দুর্যোগের সময় উত্তোলিত টাকার সহায়তা প্রদান করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-১০ঃ বিবিধ

সিদ্ধান্ত-১০ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর বৃহত্তর স্বার্থে গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২৩ এর (খ) অনুযায়ী গঠনতন্ত্র সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন এর লক্ষ্যে নিম্নে ০৫(পাঁচ) জন সদস্য বিশিষ্ট সাব-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

| | | |
|---|---|---|
| ০১। সৈয়দ জাহীদ হোসেন | মহাসচিব, কেনিক | আহবায়ক |
| ০২। শরীফ মোঃ আব্দুল কাদের | নির্বাহী সদস্য, কেনিক | সদস্য |
| ০৩। মোঃ তোফাজ্জল হোসেন | প্রতিনিধি, সংস্থা সমন্বয় | সদস্য |
| ০৪। মোঃ রেজাউল হক রবিন | সহ-সাংগঠনিক সম্পাদক, কেনিক | সদস্য |
| ০৫। আকলিমা আক্তার | মহিলা বিষয়ক সম্পাদক,কেনিক | সদস্য |

আগামী জাতীয় পরিষদ এর সভার পূর্বে গঠনতন্ত্র সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন করে সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

(খ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের মাঠ পর্যায়ে সুষ্ঠু ও সুন্দর স্বাভাবিকভাবে কার্যক্রম পরিচালনার জন্য চাকুরী কাঠামো পুনঃ বিন্যাস **(Revisit)** বাস্তবায়ন সহ পদবী, বেতন, স্কেল ও পদমর্যাদা প্রস্তাবনা তৈরী করার জন্য নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্যদের সমন্বয়ে একটি **(Revisit)** বাস্তবায়ন কমিটি গঠন করা হলোঃ

| | | |
|---|---|---|
| ১। সৈয়দ জাহীদ হোসেন | মহাসচিব, ডিকেআইবি, কেনিক | আহবায়ক |
| ২। মোঃ আবুবকর সিদ্দিক | অর্থ সম্পাদক, ডিকেআইবি,কেনিক | সদস্য |
| ৩। মোহাম্মদ নূরে আলম মনির | শিক্ষা, প্রশিক্ষণ ও ছাত্র বিষয়ক সম্পাদক | সদস্য |

উক্ত কমিটি কে আগামী ১৮ ফেব্রুয়ারী ২০২৫খ্রিঃ তারিখের মধ্যে উক্ত বিষয়ে প্রস্তাবনা সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট পেশ করার জন্য অনুরোধ করা হলো।

(গ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সাংগঠনিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে প্রতিটি অঞ্চলের জেলা, উপজেলা ও অঞ্চলের নেতৃবৃন্দের সমন্বয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিম্নে অঞ্চল ভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রাম এর সময়সূচীর তালিকা দেওয়া হলো।

| | |
|---|---|
| ১। ১২/০৪/২০২৫খ্রিঃ সিলেট অঞ্চল | ২। ১৪/০৪/২০২৫খ্রিঃ চট্টগ্রাম +কক্সবাজার |
| ৩। ১৮/০৪/২০২৫খ্রিঃ পার্বত্য অঞ্চল (স্থান রাঙ্গামাটি), | ৪। ১৯/০৪/২০২৫খ্রিঃ কুমিল্লা অঞ্চল |
| ৫। ২৫/০৪/২০২৫খ্রিঃ ফরিদপুর অঞ্চল | ৬। ২৬/০৪/২০২৫খ্রিঃ বরিশাল অঞ্চল |
| ৭। ০১/০৫/২০২৫খ্রিঃ খুলনা অঞ্চল | ৮। ০২/০৫/২০২৫খ্রিঃ যশোর অঞ্চল |
| ৯। ০৩/০৫/২০২৫খ্রিঃ রাজশাহী অঞ্চল | ১০। ০৯/০৫/২০২৫খ্রিঃ বগুড়া অঞ্চল |
| ১১। ১০/০৫/২০২৫খ্রিঃ দিনাজপুর অঞ্চল | ১২। ১৭/০৫/২০২৫খ্রিঃ রংপুর অঞ্চল |
| ১৩। ৩১/০৫/২০২৫খ্রিঃ ময়মনসিংহ অঞ্চল | ১৪। ২১/০৬/২০২৫খ্রিঃ ঢাকা অঞ্চল |

(ঘ) ডিকেআইবি গাইবান্ধা, কুড়িগ্রাম জেলা শাখা, বগুড়া অঞ্চল শাখার অসমাপ্ত নির্বাচনী কার্যক্রম এবং অন্য কোন স্তরের নির্বাচন অসমাপ্ত থাকলে তা সম্পন্ন করার জন্য প্রধান নির্বাচন কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(ঙ) রাষ্ট্রীয়ভাবে গঠিত জনপ্রশাসন মন্ত্রণালয় অধীন রাষ্ট্রীয় দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর এর সংস্কারের বিষয়ে যে কমিটি গঠন করা হয়েছে, উক্ত কমিটির নিকট ডিপ্লোমা কৃষিবিদদের দাবী সমূহ যে বৈষম্যের শিকার হয়েছে তা রাষ্ট্রীয় সংস্কার কমিটির নিকট উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

পরিশেষে সভার সভাপতি মহোদয় উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। পাশাপাশি কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ জানান। অতঃপর উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/- মোঃ জিয়াউল হায়দার পলাশ

সভাপতি

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

**০১৭১১-৮৩৪৮৫৫**

স্মারক নং-ডিকেআইবি-২১(৭৫০) তারিখঃ ০৮/০২/২০২৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মাননীয় প্রধান উপদেষ্টা,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় অর্থ উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় শিক্ষা উপদেষ্টা, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মাননীয় কৃষি উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৬. সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
০৯. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, গাজীপুর।
১১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১২. মহাপরিচালক, বি.এ.আর.আই/বি.আর.আর.আই/বি.জে.আর.আই/বিনা/বি.এস.আর.আই, ...................... ।
১৩. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১৪. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
১৫. পরিচালক, ............................................................................ ।
১৬. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................... অঞ্চল।
১৭. অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট(এটিআই), .................................... ।
১৮. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ................................... জেলা।
১৯. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল নেতৃবৃন্দ।
২০. সভাপতি/মহাসচিব, ডিপ্লোমা এগ্রিকালচারিষ্ট এসোসিয়েশন অব বাংলাদেশ (ডি-এ্যাব), কেন্দ্রীয় নির্বাহী কমিটি।
২১. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ..........অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
২২. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, .......... উপজেলা শাখা, .................. জেলা।
২৩. জনাব......................................................................... ।

হোসেন ৮/২/২০২৫

(সৈয়দ জাহীদ হোসেন)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ।
০১৭৮১-৪৮৮৭৬১